

■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

খুৎবার সময় ছালাত আদায় করার ছহীহ দলীল

عَنْ جَابِرٍ قَالَ دَخَلَ رَجُلٌ يَوْمَ الْجُمُعَةِ وَالنَّبِيُّ يَخْطُبُ فَقَالَ أَصَلَّيْتَ قَالَ لَا قَالَ قُمْ فَصلِّ رَكْعَتَيْنِ.

জাবের (রাঃ) বলেন, একদা জনৈক ব্যক্তি জুম'আর দিনে মসজিদে প্রবেশ করল। তখন রাসূল (ছাঃ) খুৎবা দিচ্ছিলেন। তিনি ঐ লোকটিকে বললেন, তুমি কি ছালাত আদায় করেছ? সে বলল, না। তখন রাসূল (ছাঃ) বললেন, তুমি দাঁড়াও দুই রাক'আত ছালাত আদায় কর। [1] ইমাম বুখারী (রহঃ) নিম্নোক্ত মর্মে অনুচ্ছেদ রচনা করেছেন, তুমি দাঁড়াও দুই রাক'আত ছালাত আদায় কর। [1] ইমাম বুখারী (রহঃ) নিম্নোক্ত মর্মে অনুচ্ছেদ রচনা করেছেন, بَابُ إِذَا رَأَى الْإِمَامُ رَجُلًا جَاءَ وَهُوَ يَخْطُبُ أَمْرَهُ أَنْ يُصَلِّي رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ مَا أَمْ وَهُوَ يَخْطُبُ مَنْ جَاءَ وَالْإِمَامُ يَخْطُبُ مَنْ جَاءَ وَالْإِمَامُ يَخْطُبُ مَنْ جَاءَ وَالْإِمَامُ يَخْطُبُ وَلَيْتَبَوْنَ وَلْيَتَجَوَّزُ وَلَا عَالَ قَالَ رَسُولُ اللهِ وَهُوَ يَخْطُبُ إِذَا جَاءَ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ وَلْيَتَجَوَّزُ

জাবের (রাঃ) বর্ণিত, রাসূল (ছাঃ) একদা খুৎবা প্রদানকালে বলেন, ইমাম খুৎবা দেয়া অবস্থায় জুম'আর দিনে তোমাদের কেউ যদি মসজিদে আসে সে যেন দুই রাক'আত ছালাত আদায় করে। আর এর মাঝে সংক্ষেপ করে।[2]

অতএব মসজিদে যখনই প্রবেশ করবে তখনই দুই রাক'আত ছালাত আদায় করতে হবে। এর বিকল্প কিছু নেই। উক্ত হাদীছগুলো জানার পরও যদি কেউ আমল না করে তাহলে তার পরিণাম কী হতে পারে? অথচ হেদায়ার মধ্যে জাল হাদীছের আলোকে এ সময় ছালাত আদায় করতে সরাসরি নিষেধ করা হয়েছে।[3]

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/৯৩০ ও ৯৩১, ১ম খন্ড, পৃঃ ১২৭, (ইফাবা হা/৮৮৩ ও ৮৮৪, ২/১৯০-১৯১ পৃঃ); ছহীহ মুসলিম হা/২০৫৭, ১ম খন্ড, পৃঃ ২৮৭, (ইফাবা হা/১৮৯০, ১৮৯২)।
- [2]. ছহীহ মুসলিম হা/২০৬১, (ইফাবা হা/১৮৯৪); মিশকাত হা/১৪১১; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩৭২, ৩/১৯৮ পুঃ।
- ছি وَإِذَا خَرَجَ الْإِمَامُ يَوْمَ الْجُمُعَةِ تَرَكَ النَّاسُ الصَّلاةَ وَالْكَلامَ حَتَّى يَفْرُغَ مِنْ خُطْبَتِهِ)-% ২০১ (3]. (3]



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1988

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন